গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৩. ৯৪০

তারিখ ০৮ মাঘ ১৪৩০ ব:
২২ জানুয়ারি ২০২৪ খ্রি.

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স কোর্সের ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে নিম্নে উল্লিখিত বিষয়ে ভর্তির দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। রাজশাহী কলেজে **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ ২৪/০১/২০২৪ থেকে ১১/০২/২০২৪ পর্যন্ত।**

## ১। ভর্তিযোগ্য বিষয়সমূহ ও কোড নম্বর:

| মানবিক শাখা | | বিজ্ঞান শাখা | | ব্যবসায় প্রশাসন শাখা | |
|---|---|---|---|---|---|
| বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড |
| বাংলা Bangla | 1001 | পদার্থবিজ্ঞান Physics | 2701 | হিসাববিজ্ঞান Accounting | 2501 |
| ইংরেজি English | 1101 | রসায়ন Chemistry | 2801 | ব্যবস্থাপনা Management | 2601 |
| আরবি Arabic | 1201 | গণিত Mathematics | 3701 | মার্কেটিং Marketing | 2301 |
| সংস্কৃত Sanskrit | 1301 | উদ্ভিদবিজ্ঞান Botany | 3001 | ফিন্যান্স Finance | 2401 |
| ইতিহাস History | 1501 | প্রাণিবিজ্ঞান Zoology | 3101 | | |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি Islamic History & Culture | 1601 | মনোবিজ্ঞান Psychology | 3401 | | |
| দর্শন Philosophy | 1701 | পরিসংখ্যান Statistics | 3601 | | |
| রাষ্ট্রবিজ্ঞান Political Science | 1901 | ভূগোল Geography | 3201 | | |
| সমাজবিজ্ঞান Sociology | 2001 | | | | |
| সমাজকর্ম Social Work | 2101 | | | | |
| অর্থনীতি Economics | 2201 | | | | |

## ২। প্রার্থীদের জন্য জ্ঞাতব্য

(ক) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২২ জানুয়ারি বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (http://app1.nu.edu.bd/) থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক **আবেদন ফি বাবদ ৪৫০.০০ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ৩৫০.০০ + প্রসপেক্টাস ও ভর্তি নির্দেশিকা ৭০.০০ + অনলাইন ব্যাংকিং ও আইসিটি ফি ৩০.০০) টাকা ২৪/০১/২০২৪ থেকে ১১/০২/২০২৪ তারিখের মধ্যে ডাচবাংলা মোবাইল ব্যাংক এর মাধ্যমে নিম্নে উল্লিখিত নিয়ম অনুযায়ী জমা করতে হবে।** প্রয়োজনীয় কাগজ-পত্রসহ আবেদনকৃত ফরম ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই কলেজে জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১০ মার্চ ২০২৪ তারিখ থেকে শুরু হবে।

(খ) প্রার্থী যে শাখা থেকে (মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা শাখা) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://app1.nu.edu.bd) থেকে সেই শাখার কোর্স অথবা গ্রহণযোগ্য (Eligible Courses) কোর্সসমূহের জন্য প্রাথমিক আবেদন করবে এবং পূরণকৃত আবেদনপত্র A4 (৮.৫ ইঞ্চি×১১ ইঞ্চি) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নিবে।

(গ) এ ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের SSC ও HSC পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (http://app1.nu.edu.bd)-এর Prospectus (Honours)/Important Notice অপশন থেকে জানা যাবে।

### প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের সময়সূচি ও স্থান

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ২৪/০১/২০২৪ থেকে ১১/০২/২০২৪ এবং (সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) | সকাল ১০.০০ টা থেকে বেলা ২.০০ টা পর্যন্ত | রাজশাহী কলেজ লাইব্রেরী উত্তর বারান্দা |

৩। প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদান ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদনপত্র (শিক্ষার্থীর স্বাক্ষর সহ);

খ) রাজশাহী কলেজের ডাউনলোডকৃত Confirmation Pay Slip ও Admission Form;

গ) এস এস সি/সমমান এবং এইচ এস সি/সমমান পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি।

ঘ) এস এস সি/সমমান এবং এইচ এস সি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

**বি:দ্র:-শিক্ষার্থীর নিজে অথবা অভিভাবকের একটি নির্ভুল মোবাইল নম্বর প্রদান যার মাধ্যমে ভর্তি এবং ভর্তি পরবর্তী সময়ে যোগাযোগ রাখা সম্ভব হবে।**

৪। আবেদন পদ্ধতি:

(ক) প্রথমে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকে গিয়ে **Honours Admission Application** বাটনে ক্লিক করে অথবা সরাসরি (*http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/honours*) লিংকে প্রবেশ করে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত **Admission Roll** ব্যবহার করে অনলাইনে প্রাথমিক আবেদন করার পর উক্ত **Admission Roll** নম্বরের বিপরীতে আবেদন ফি বাবদ ৪৫০.০০ টাকা **২৪/০১/২০২৪ থেকে ১১/০২/২০২৪ তারিখের মধ্যে** ডাচবাংলা মোবাইল ব্যাংক (রকেট পদ্ধতি) এর মাধ্যমে নিম্নে উল্লিখিত নিয়ম অনুযায়ী জমা করতে হবে।

(খ) **ভর্তিচ্ছু যে সকল শিক্ষার্থী আবেদনের সময় ভুল Admission Roll দিয়ে আবেদন করবে, তাদেরকে সঠিক Admission Roll দিয়ে পুনরায় আবেদন করতে হবে এবং সঠিক Admission Roll এর বিপরীতে টাকা ৪৫০.০০ ফি পরিশোধ করতে হবে। অন্যথায় কলেজে ভর্তি হতে পারবে না।**

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *৩২২# ডায়াল করে মেনুতে যান।

খ) '1' (One) নং পেমেন্ট সিলেক্ট করুন।

গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।

ঘ) Bill No-এ আপনার জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত **Admission Roll** নম্বর দিন।

ঙ) টাকার পরিমাণ (৪৫০/-) লিখুন।

চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।

ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।

জ) প্রাপ্ত Trx ID নম্বরটি সংরক্ষণ করুন।

**DBBL Help Line- ১৬২১৬ (তথ্য পাওয়ার প্রয়োজনে)**

**** রকেট app পদ্ধতিতে কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

(গ) পেমেন্ট সম্পন্নের পর Page refresh অথবা পুনরায় ৪(ক) ধাপ অনুসরণ করলে আবেদনকারীর তথ্যসহ উপরে Payment Confirmation Slip I Admission Form Download অপশন আসবে এবং তা ডাউনলোড ও প্রিন্ট করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে কলেজে জমা দিতে হবে।

৫। আবেদনের সাধারণ যোগ্যতা

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(গ) বাংলাদেশে কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি (ভোকেশনাল) ii) এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর খ নং (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকা) শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট-৩.০ থাকতে হবে।

(ঙ) ২০২০/২০২১ সালের O লেভেল পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেড সহ অন্ততঃ ০৪(চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২/২০২৩ সালের A-লেভেল পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্ততঃ ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে **ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (drughonours@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে।** সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

(চ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে **ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (drughonours@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে।** সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

**(ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/ স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এই সকল শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।**

**(জ) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।**

## মানবিক (Humanities) শাখা

| ক্রঃ নং | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক ও বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১ | বাংলা Bangla (1001) | বাংলা (Bangla) / ইংরেজি (English) | মানবিক শাখা-৭০%<br>বিজ্ঞান শাখা- ১৫%<br>**ব্যবসায় শিক্ষা শাখা-১৫%**<br>১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে |
| ২ | ইংরেজি English (1101) | ইংরেজি (English) | |
| ৩ | আরবি Arabic (1201) | আরবি Arabic | |
| ৪ | সংস্কৃত Sanskrit (1301) | সংস্কৃত Sanskrit / বাংলা (Bangla) | |
| ৫ | ইতিহাস History (1501) | ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ পৌরনীতি ও সুশাসন /সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/ যুক্তিবিদ্যা<br>History/ Islamic History & Culture/ Civics & Good Governance / Sociology/ Social Welfare / Logic | মানবিক শাখা-১০০% |
| ৬ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>Islamic History & Culture (1601) | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইতিহাস/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ পৌরনীতি ও সুশাসন<br>Islamic History & Culture / History/ Sociology / Social Welfare / Civics & Good Governance | |
| ৭ | দর্শন Philosophy (1701) | যুক্তিবিদ্যা/ পৌরনীতি ও সুশাসন /সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ / মনোবিজ্ঞান<br>Logic/ Civics & Good Governance /Sociology /Social Welfare/ Psychology | |
| ৮ | রাষ্ট্রবিজ্ঞান<br>Political Science (1901) | পৌরনীতি ও সুশাসন / সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ অর্থনীতি / ইতিহাস/ যুক্তিবিদ্যা/ উচ্চতর গণিত / জীববিজ্ঞান<br>Civics & Good Governance / Sociology/ Social Welfare/ Economics / History/ Logic/ Higher Mathematic/ Biology | মানবিক শাখা-৯০%<br>বিজ্ঞান শাখা- ৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা-৫%<br>১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ৯ | সমাজবিজ্ঞান<br>Sociology (2001) | | |
| ১০ | সমাজকর্ম<br>Social Work (2101) | | |
| ১১ | অর্থনীতি<br>Economics (2201) | | মানবিক শাখা-৮০%<br>বিজ্ঞান শাখা- ১০%<br>**ব্যবসায় শিক্ষা শাখা-১০%**<br>১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে |

## বিজ্ঞান (Science) শাখা

| ক্রঃ নং | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১২ | পদার্থবিজ্ঞান Physics (2701) | পদার্থবিজ্ঞান/ রসায়ন / উচ্চতর গণিত<br>Physics/ Chemistry/ Higher Mathematics | বিজ্ঞান শাখা-১০০% |
| ১৩ | রসায়ন (2801) | | |
| ১৪ | উদ্ভিদবিজ্ঞান Botany (3001) | জীববিজ্ঞান/ রসায়ন/ মনোবিজ্ঞান<br>Biology/ Chemistry/ Psychology | |
| ১৫ | প্রাণিবিজ্ঞান Zoology (3101) | | |
| ১৬ | পরিসংখ্যান Statistics (3601) | পরিসংখ্যান/ উচ্চতর গণিত/ পদার্থবিজ্ঞান<br>Statistics/ Higher Mathematics/ Physics | |
| ১৭ | গণিত Mathematics (3701) | উচ্চতর গণিত/ পরিসংখ্যান/ পদার্থবিজ্ঞান<br>Higher Mathematics/ Statistics/ Physics | |
| ১৮ | ভূগোল ও পরিবেশ<br>Geography & Environment (3201) | ভূগোল/ উচ্চতর গণিত/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ পৌরনীতি ও সুশাসন / পদার্থবিজ্ঞান / পরিসংখ্যান/ রসায়ন<br>Geography/ Higher Mathematics / Sociology/ Social Welfare / Civics & Good Governance/ Physics / Statistics / Chemistry | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বন্টন করা হবে। |
| ১৯ | মনোবিজ্ঞান<br>Psychology (3401) | মনোবিজ্ঞান/ জীববিজ্ঞান/ /গার্হস্থ্য বিজ্ঞান/ গার্হস্থ্য অর্থনীতি/ যুক্তিবিদ্যা/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ হিসাববিজ্ঞান/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা / পদার্থবিজ্ঞান/ পরিসংখ্যান / রসায়ন / উচ্চতর গণিত<br>Psychology/ Biology/ Home Science / Home Economics/ Logic/ Sociology/ Social Welfare /Accounting/ Business Organization & Management/ Physics / Statistics / Chemistry / Higher Mathematics | উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান ও মানবিক শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বন্টন করা হবে। |

## ব্যবসায় প্রশাসন (Business Adminstration) শাখা

| ক্রঃ নং | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ২০ | মার্কেটিং Marketing (2301) | হিসাববিজ্ঞান/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ অর্থনীতি/ পরিসংখ্যান/ উচ্চতর গণিত<br>Accounting/ Business Organization & Management/ Finance, Banking and Insurance/ Production Management and Marketing/ Economics/ Statistics/ Higher Mathematics | **ব্যবসায় শিক্ষা শাখা-৯০%**<br>বিজ্ঞান শাখা- ৫%<br>মানবিক শাখা-৫%<br>১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে |
| ২১ | ফিন্যান্স Finance (2401) | | |
| ২২ | ব্যবস্থাপনা<br>Management (2601) | | |
| ২৩ | হিসাববিজ্ঞান<br>Accounting (2501) | | |

## ৬। Online এ আবেদন ফরম পূরণ ও করণীয়

| | |
|---|---|
| i) লগইন (Login) | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions ) Honours tab-এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং website -এ প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন এবং নিবন্ধিত একটি মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে উক্ত শিক্ষার্থীকে শিক্ষা সাহয়ক তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| ii) সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে click to change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর আবেদন ফরম/ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| iii) কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ | আবেদনকারী পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে।এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। পরবর্তীতে আবেদনকারীর এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। |
| iv) প্রযোজ্য ক্ষেত্রে কোটার আবেদন | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধি/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কতৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে। |
| vi) ছবি সংযোজন | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে Upload করতে হবে। ছবি মাপ ১২০×১৫০ Pixels, Image Type:JPG এবং Maximum file size: 50kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| vii) ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পিন প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4(8.5"×11"] অফসেট সাদা কাগজে Print/pdf কপি সংগ্রহ করতে হবে। |

| | |
|---|---|
| viii) আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ছবি সঠিক আছে কি না তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant's Login (Honours) অপশনে Honours Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option লিংকে গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিল করার সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না। |

## ৭। মুক্তিযোদ্ধার সন্তান/ নাতি/নাতনি, ক্ষুদ্র নৃগোষ্ঠি ও বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। (বিষয়ভিত্তিক আসন বন্টন) | কোটার বিষয়ভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। (কলেজভিত্তিক আসন বন্টন) | কোটার আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। |
| ক্ষুদ্র নৃগোষ্ঠি | ০১ টি | ০৭ টি | |
| বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

**উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।**

## ৮। পোষ্য (Ward) কোটায় ভর্তি :

স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/ সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য কোটার প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। **একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন** আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে।

## ৯। মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি ও বিষয় বন্টন:

(ক) আবেদনকারীদের SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

(খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারী i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% নিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

(গ) মুক্তিযোদ্ধার সন্তান/ নাতি/নাতনি, ক্ষুদ্র নৃগোষ্ঠি ও বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম অথবা পোষ্য কোটায় আবেদনকারী কোন শিক্ষার্থী ১ম/২য় মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হলে ঐ শিক্ষার্থীকে পুনরায় কোটার মেধা তালিকায় স্থান দেয়া হবে না।

(ঘ) এ ভর্তির কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটার মেধা তালিকা এবং ১ম ও ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমের ৩য় রিলিজ স্লিপে আবেদন করার কোন সুযোগ থাকবে না।

(ঙ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে বিষয়ভিত্তিক মেধা তালিকা দেখতে পারবে। আবেদনকারীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজের নোটিশ বোর্ড থেকে ফলাফল জানতে পারবে।

## ১০। ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি

**ধাপ-ক**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট = SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ১ |
| ১১২ | ৫ | ৪.৮ | ২+২.৮৮=৪.৮৮ | ২ |

**ধাপ-খ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট = SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট = SSC প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC প্রাপ্ত নম্বরের (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮১০ | ৩২৮+৪৮৬=৮১৪ | ২ |

ধাপ-গ

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট = SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট = SSC প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC প্রাপ্ত নম্বরের (৬০%) | আবেদনকারী বয়স | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮১০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর ২ মাস | ২ |

## ১১। মেধা তালিকা/ কোটায় মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| | |
|---|---|
| লগইন (Login) | মেধা তালিকা/ কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions)- Applicant login অপশনে Honours login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম website -এ প্রদর্শিত হবে। |
| বিষয় পরিবর্তনের আবেদন | মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। **তবে কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।** |
| চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংগ্রহ | সঠিক তথ্যপূর্ণ ভর্তির আবেদন ফরমটির Submit Application অপশনে ক্লিক করলে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম website -এ প্রদর্শিত হবে। ফরমটি ডাউনলোড করে দুই কপি [A4(8.5"×11"] অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা | আবেদনকারী ও তার অভিভাবক-কে প্রিন্ট করা চূড়ান্ত **ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে**। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও রেজিস্ট্রেশন ফি সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/ দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে। |
| বিষয় পরিবর্তনের ফলাফল ও করণীয় | ভর্তিকৃত বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধাক্রম অনুযায়ী বিষয় পরিবর্তনের ফলাফল প্রকাশ করা হবে এবং ভর্তি সংশ্লিষ্ট website/ SMS এর মাধ্যমে তা শিক্ষার্থীদের জানিয়ে দেয়া হবে। শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে ভর্তি বিষয়ক website থেকে বিষয় পরিবর্তনের ফরম সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। **উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে।**<br>➢ বিষয় পরিবর্তনের ক্ষেত্রে প্রার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। |
| কোটার ফলাফল | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। যে সকল আবেদনকারী ইতোমধ্যে মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সঙ্গে কোটায় নতুন বিষয় বরাদ্দ পেয়েছে সে সকল আবেদনকারী কোটায় বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হতে চাইলে তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে। |

*** **ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য পরবর্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের** website (www.nu.ac.bd/admissions **এবং রাজশাহী কলেজের** website (www.rc.gov.bd) **থেকে জানা যাবে।**

*** **এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা/পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজন করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৩. ১৪০ (২৭)

তারিখ ০৮ মাঘ ১৪৩০ ব:
২২ জানুয়ারি ২০২৪ খ্রি.

**অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

1। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
2। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
3। আহ্বায়ক ও সদস্যবৃন্দ, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৩-২০২৪, রাজশাহী কলেজ, রাজশাহী।
4। আইসিটি বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
5। ম্যানেজার, ডাচ্ বাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী।
6। প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী।
7। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
8। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 22/01/2024
রাজশাহী কলেজ, রাজশাহী।
22/01/2024